দৈনিক জনকণ্ঠ

MAR. 27 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী কলেজ শিক্ষকদের উচ্চতর স্কেল প্রদান প্রক্রিয়া শুরু

শিক্ষা সচিবের সঙ্গে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) আলোচনার পর বেসরকারী কলেজ শিক্ষকদের ২ বছর পর প্রাপ্য উচ্চতর স্কেল প্রদান প্রক্রিয়া পুনরায় শুরু হয়েছে। সম্প্রতি তা স্থগিত হয়ে গিয়েছিল। এই প্রক্রিয়া চালু হওয়ায় বাকশিস সভাপতি অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, কেন্দ্রীয় নেতা অধ্যক্ষ মুনসুরুল রহমান, অধ্যক্ষ মারেফা খাতুন, অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ সন্তোষ প্রকাশ করেছেন। শিক্ষক নেতৃবৃন্দ পরবর্তী এমপিওতেই বকেয়াসহ উল্লিখিত উচ্চতর স্কেল বাবদ প্রাপ্য অর্থ প্রদানের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা অধিদফতরের প্রতি আহ্বান জানিয়েছেন।